# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

Narayanganj City Corporation

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু সড়ক, নারায়ণগঞ্জ-১৪০০, বাংলাদেশ।

www.ncc.gov.bd


শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

স্মারক নং-৪৬.৪৪.৬৭০০.০০৪.০০৬(২).২১-১৫/২৬

তারিখঃ ১৪ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ
২৯ আগস্ট ২০১৭ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ** **"জনতার মুখোমুখি নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন" অনুষ্ঠান এর প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৩/০৭/২০১৭ খ্রিঃ তারিখে "জনতার মুখোমুখি নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন" কর্মসূচীটি বাস্তবায়ন করা হয়। সে প্রেক্ষিতে একটি প্রতিবেদন প্রনয়ণ করা হয়েছে।

এমতাবস্থায়, প্রস্তুতকৃত প্রতিবেদনটি পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অত্রসাথ প্রেরণ করা হলো।

(এ,এফ,এম,এহতেশামুল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
ফোনঃ ৭৬৩৩৪২৩
e-mail: ceo@ncc.gov.bd

**প্রকল্প পরিচালক**
সিটি গভার্নেন্স প্রকল্প
স্থায়ীন সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতির জন্য ঃ-**

১। পি এ টু মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অফিস কপি।

অফিস কপি

e:\jica\জনতার মুখোমুখি রেজুয়েলেশন-2017\নোটিশ.docx

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

Narayanganj City Corporation

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু সড়ক, নারায়ণগঞ্জ-১৪০০, বাংলাদেশ।

www.ncc.gov.bd


শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

## জনতার মুখোমুখি নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

অনুষ্ঠানের তারিখ ঃ ২৩-০৭-২০১৭ খ্রিঃ।
অনুষ্ঠানের সময় ঃ সকাল ১০.০০ ঘটিকায়।
অনুষ্ঠানের স্থান ঃ নগর ভবন প্রাঙ্গন।

সভাপতি ঃ **ডাঃ সেলিনা হায়াৎ আইভী**
মাননীয় মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
উপস্থিতি ঃ নাসিক কাউন্সিলরবৃন্দ, নগরীর বিভিন্ন শ্রেণী ও পেশার নাগরিকবৃন্দ

জাইকার অর্থায়নে পরিচালিত সিটি গভার্নেন্স প্রকল্প (সিজিপি) এর কার্যক্রম হিসাবে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন জনগনের অংশগ্রহণ, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে "জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ অনুষ্ঠানে বিভিন্ন শ্রেণী ও পেশার নাগরিকবৃন্দসহ নাসিক কাউন্সিলরবৃন্দ এবং সাংবাদিকগণ উপস্থিত ছিলেন। সকাল ১১.০০ ঘটিকায় মাননীয় মেয়র, কাউন্সিলরবৃন্দ ও সম্মানিত নাগরিকগণের আসন গ্রহণের মধ্য দিয়ে বাজেট অধিবেশন ও জনতার মুখোমুখি অনুষ্ঠান শুরু হয়। সঞ্চালনা করেন নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এ,এফ,এম,এহতেশামূল হক। মঞ্চে উপস্থিত ছিলেন নারায়ণগঞ্জ ০৫ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব এ.কে.এম. সেলিম ওসমান এবং মুক্তিযোদ্ধা কমান্ডার জনাব মোহাম্মদ আলী। প্রথমেই পবিত্র কোরআন তেলোয়াত দিয়ে অনুষ্ঠান শুরু হয়। পবিত্র কোরআন তেলোয়াত পাঠ করেন জনাব মাওলানা ইকরাম হোসেন খান। অতঃপর পবিত্র গীতা পাঠ করেন হরি রাম দাশ আচর্য্য। তারপর ১১.০৯ টায় মেয়র মহোদয় বাজেট ঘোষণা শুরু করেন। বাজেট ঘোষণায় তিনি লিখিত বক্তব্য পাঠ করে শুনান। লিখিত বক্তব্যের পাশাপাশি নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের বিভিন্ন বিষয়ের উপর বক্তব্য রাখেন। যেমনঃ

- ওয়ার্ড ভিত্তিক নগর ডিজিটাল সেন্টার স্থাপন;
- Online এ লেনদেন;
- রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে বহুতল বিশিষ্ট মার্কেট নির্মাণ;
- আগে আসলে আগে পাবেন ভিত্তিতে ফ্ল্যাট বিতরন;
- ট্যাক্স আদায়ের জন্য সকলের সহযোগিতা কামনা;
- দারিদ্র বিমোচনের জন্য ক্ষুদ্র ঋণ প্রদান করা;
- PPP এর মাধ্যমে পার্ক নির্মাণ;
- খেলাধূলার জন্য মাঠ নির্মাণ;
- স্বাস্থ্যসম্মত অবকাঠামো নির্মাণের জন্য Open Space নির্মাণ;
- মা ও শিশুর জন্য Hospital নির্মাণ;
- কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য জমি একোয়ার করে ডাম্পিং গ্রাউন্ড নির্মাণ;
- শীতলক্ষ্যা নদীর উপর একাধিক ব্রিজ নির্মাণ।

পরবর্তীতে উপস্থিত মাননীয় সংসদ সদস্য, মুক্তিযোদ্ধা কমান্ডারসহ বিভিন্ন পেশার নাগরিক বক্তব্য উপস্থাপন করেন।

**জনাব এ.কে.এম.সেলিম ওসমান, মাননীয় সংসদ সদস্য, আসন-০৫, নারায়ণগঞ্জ**

মাননীয় সংসদ সদস্য ঐক্যবদ্ধভাবে নারায়ণগঞ্জ নগরীর উন্নয়নে কাজ করার উপর গুরত্বআরোপ করেন। এ বিষয়ে তিনি সকলের সহযোগিতা ও দোয়া কামনা করেন। নগরীর অবকাঠামো উন্নয়ন প্রকল্প সুষ্ঠভাবে বাস্তবায়নের লক্ষ্যে তিনি মাননীয় মেয়রের জন্য দোয়া প্রার্থনা করেন।

জনাব মোহাম্মদ আলী, কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, নারায়ণগঞ্জ

তিনি সমন্বয়ের মাধ্যমে উন্নয়ন কর্মকান্ড পরিচালনার জন্য অনুরোধ করেন। তিনি আরোও বলেন, সমস্যা থাকতে পারে কিন্তু কথা বলে তা সমাধান করতে হবে। এছাড়া তিনি রূপকল্প ২০২১ বাস্তবায়নের কথা বলেন। মুক্তিযোদ্ধা ও সকলের পক্ষ থেকে ধন্যবাদ জানিয়ে তাঁর সভার বক্তব্য শেষ করেন।

এ পর্যায়ে জনগনের অংশগ্রহণ, স্বচ্ছতা ও জবাবদিহিদা নিশ্চিতকরণের লক্ষ্যে আয়োজিত "জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" অনুষ্ঠানের মূল পর্ব "প্রশ্নোত্তর পর্ব" শুরু হয়।

**অংশগ্রহণকারী -১ঃ জনাব এ.বি সিদ্দিকী, সভাপতি, নারায়ণগঞ্জ নাগরিক কমিটি, নারায়ণগঞ্জ।**

**প্রশ্নঃ-** বিগত বছরের অবকাঠামো উন্নয়ন কাজে আমরা সন্তুষ্টি প্রকাশ করছি। ওয়াসার দায়িত্ব নিতে যাচ্ছেন, কিন্তু ডিপ টিউবওয়েল-এর মাসিক/বাৎসরিক বিল কর্তন করবে কিনা? শাহী মসজিদ পুকুর সংস্কার করা হবে কিনা?

**মামনীয় মেয়র বলেন** ওয়াসার দায়িত্ব নেয়ার বিষয়টি আংশিক সত্য, তারা দায়িত্ব দিতে চাচ্ছে, আমরা প্রস্তুত নই। নাসিককে যদি ৫০০ কোটি টাকা ভর্তুকি দেওয়া হয় তা হলে নাসিক ওয়াসার দায়িত্ব নেবে বলে মাননীয় মেয়র মহোদয় উল্লেখ করেন।

**অংশগ্রহণকারী -২ঃ জনাব মোঃ জহিরুল ইসলাম জহির, সাধারণ সম্পাদক, কেন্দ্রীয় খেলাঘর।**

**প্রশ্নঃ-** (ক) প্রস্তাবিত বাজেটে পাঠাগারের জন্য ৫ লক্ষ টাকা খুব সামান্য;
(খ) শিক্ষা বাণিজ্য চলছে, সেজন্য মানসম্মত প্রতিষ্ঠার উদ্যোগ নিতে হবে;
(গ) জঙ্গিবাদ র‌্যাব, পুলিশ দিয়ে মোকাবেলা করা সম্ভব নয়, শিশুদের মানসিক বিকাশের জন্য খেলার মাঠ প্রয়োজন।

জবাবে মানীয় মেয়র মহোদয় বলেন, পাঠাগারে পুরাতন অনেক বই রয়েছে। তাছাড়া তিনি পর্যায়ক্রমে পরবর্তী বাজেটে পাঠাগারের জন্য বরাদ্দ রাখার আশ্বাস প্রদান করেন। তাছাড়াও তিনি আরও উল্লেখ করেন যে, ১৫ নং ওয়ার্ড ও ১৮ নং ওয়ার্ডে একটি করে স্কুল নির্মাণের জন্য টেন্ডার আহ্বান করেন। জঙ্গিবাদ সম্পর্কে তিনি বলেন যে, ইতিমধ্যে জঙ্গিবাদ নির্মূলের জন্য একাধিক সমাবেশ করা হয়েছে এবং সাংস্কৃতিক কর্মকান্ড বাড়ানো হবে। সাংস্কৃতিক কর্মকান্ড ও খেলাধূলার জন্য প্রতি ওয়ার্ডে ব্যবস্থা করা হবে।

**অংশগ্রহণকারী -৩ঃ জনাব আব্দুল কাদির, সভাপতি, জেলা যুবলীগ, নারায়ণগঞ্জ।**

**প্রশ্ন ঃ-** (ক) সিটি কর্পোরেশনের প্রতি ওয়ার্ডে যেন খেলাধূলার জন্য মাঠের ব্যবস্থা করা হয়;
(খ) শিশুদের জন্য যেন শিশু পার্ক নির্মাণ করা হয়;
(গ) যানজট নিরসনের জন্য সিটি কর্পোরেশনের সহযোগিতা প্রয়োজন ।

**জবাবঃ-** মাননীয় সংসদ সদস্য বলেন প্রতি ওয়ার্ডে হয়ত খেলার মাঠ করা যাবে না। তথাপি খেলাধুলার জন্য পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া তিনি ট্যাক্স বৃদ্ধি না করার জন্য মাননীয় মেয়র কে ধন্যবাদ জানান।

মেয়র মহোদয় মাননীয় সংসদ সদস্যকে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার জন্য ধন্যবাদ জানান। তিনি আরোও বলেন ভবিষ্যৎ-ই বলবে কতটুকু উন্নয়ন হয় আর যানজট নিরসনের দায়িত্ব ট্রাফিক বিভাগের। নিতাইগঞ্জের অবৈধ ট্রাক স্ট্যান্ড দিনের বেলায় লোড আনলোড করে যানজটের সৃষ্টি করছে। যানজট শুধু নারায়ণগঞ্জের নয় পুরো দেশের সমস্যা। সম্মিলিত সকলের সহযোগিতা নিয়ে এ সমস্যা নিরসন করতে হবে।

মেয়র মহোদয় মাননীয় সংসদ সদস্যকে উদ্দেশ্য করে বলেন, তত্ত্বাবধায়ক সরকারের সময় রাউজক ঘেরাও করেছি। মার্কেট ফেরত পাইনি, জমি ফেরত পাইনি, হকার মার্কেট বিক্রির টেন্ডার করেছে এটি বাদ করতে চাই এ বিষয়ে আপনার সহযোগিতা কামনা করি।

এ বিষয়ে মাননীয় সংসদ সদস্য বলেন, নিতাইগঞ্জের রাস্তায় দিনের বেলায় কোন ট্রাক থাকতে পারবে না। নিতাইগঞ্জে কোন ট্রাক থাকবে না, রাতে লোড আনলোড করা হবে। প্রয়োজনে কঠোর ব্যবস্থা গ্রহণ করব। তিনি বলেন, এই জায়গার মালিক জেলা প্রশাসক নয় এর মালিক নারায়ণগঞ্জবাসীর। যানজটের বিষয়ে মাননীয় সংসদ সদস্য আইভীকে সার্বিকভাবে সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

অংশগ্রহণকারী -৪ঃ মোঃ শহীদুল্লাহ, নাগরিক সমাজ, নারায়ণগঞ্জ।

প্রশ্নঃ- ওয়াসা পানি সরবরাহ করতে সম্পূর্ণভাবে ব্যার্থ হয়েছে। তাই ওয়াসাকে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতায় আনার কথা বলেন?

জবাবঃ- মেয়র মহোদয় বলেছেন যদি গভমেন্ট ৫০০ কোটি টাকা দেয় তাহলে ওয়াসার দায়িত্ব নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নিবে।

অংশগ্রহণকারী -৫ঃ জনাব মোঃ তোফাজ্জল হোসেন, সম্পাদক, দৈনিক ইয়াদ।

প্রশ্নঃ- শুধু মেয়র আঃলীগ নেত্রী ও আমাদের প্রধানমন্ত্রীকে জানান সোনাকান্দা হাটের নাম পরিবর্তন প্রসঙ্গে। আলী আহাম্মদ চুনকা পাঠাগারের শাখা বন্দর ও সিদ্ধিরগঞ্জ স্থাপন করা।

জবাবঃ মাননীয় মেয়র মহোদয় পাঠাগার সম্পর্কে বলেন যে, আলী আহাম্মেদ চুনকা পাঠাগারটি নির্মাণাধীন ও সিটিবাসীর জন্য যথেষ্ট। তবে তিনি পাঠাগারের বন্দর ও সিদ্ধিরগঞ্জের শাখা সম্পর্কে পর্যাপ্ত স্থানের অভাবের কথা বলেন।

অংশগ্রহণকারী -৬ঃ জনাব সুভাষ সাহা, বিষের বাশী।

প্রশ্নঃ- ২নং রেল গেইট হতে চাষাড়া পর্যন্ত রেল লাইন এর পাশ দিয়ে সড়ক নির্মাণ করলে যানজট কমবে, মর্মে তিনি এ সড়ক নির্মাণের দাবী জানান?

জবাবঃ এ বিষয়ে মাননীয় মেয়র বলেন যে, ২নং রেল গেইট হতে চাষাড়া পর্যন্ত রেল লাইনের পাশে সড়ক নির্মাণ কাজ শুরু হয়েছিল পৌরসভা আমলেই। কিন্তু রেল কর্তৃপক্ষের মামলার কারনে তা সমাপ্ত করা যায়নি।

অংশগ্রহণকারী -৭ঃ জনাব মরিয়ম কল্পনা, নাগরিক সমাজ, নারায়ণগঞ্জ।

প্রশ্নঃ এ.বি.সি ইন্টারন্যাশনালসহ সকল ইংলিশ ভার্সন স্কুলে অতিরিক্ত ফি আদায় করা হচ্ছে মর্মে তিনি অভিযোগ করেন।

জবাবঃ বিষয়টি খতিয়ে দেখার জন্য মাননীয় মেয়র নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর প্রধান নির্বাহী কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করেন।

অংশগ্রহণকারী -৮ঃ জনাব নাফিজ আশরাফ, সাবেক সম্পাদক, নারায়ণগঞ্জ প্রেসক্লাব, নারায়ণগঞ্জ।

প্রশ্নঃ (ক) জনাব নাফিজ আশরাফ বলেন যে, কুকুর নিধন বিষয়ে হাইকোর্টের নিষেধাজ্ঞা রয়েছে। কিন্তু কুকুরের কারণে জনজীবন অতিষ্ঠ হয়ে যাচ্ছে। তাই তিনি হাইকোর্টের রায়ের বিপক্ষে আপিলের ব্যবস্থা অথবা অন্য কোন ভাবে কুকুর নিধনের দাবী জানান।

জবাবঃ কুকুর নিধনে হাইকোর্টের নিষেধাজ্ঞা আছে বিধায় তিনি কুকুর নিধনে অপারগতা প্রকাশ করেন। তবে কুকুরকে ইনজেকশন প্রদানের মাধ্যমে বংশ বিস্তার রোধের বিষয়টি উল্লেখ করেন।

অংশগ্রহণকারী -৯ঃ জনাব মাকছুদুল আলম খন্দকার, কাউন্সিলর, ওয়ার্ড- ১৩, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

প্রশ্নঃ সলিমুল্লাহ রোডের হর্কাস মার্কেটকে প্লট আকারে বিক্রয়ের জন্য রাজউক টেন্ডার আহ্বান করেছে। বিষয়টি আইনগত ও আন্দোলনের মাধ্যমে প্রতিহত করার দাবী জানান।

জবাবঃ মেয়র মহোদয় জানান যে, অবশ্যই আইনগত ও প্রয়োজনে আন্দোলনের মাধ্যমে রাজউক-কে প্রতিহত করা হবে।

অংশগ্রহণকারী -১০ঃ জনাব আব্দুল মালেক, বাসস প্রতিনিধি।

প্রশ্নঃ সিটি কর্পোরেশনের বাসিন্দারা চিকুনগুনিয়া রোগে ভুগছেন। তাই তিনি মশা বাহিত রোগের প্রাদুর্ভাব থেকে নগরবাসীকে উদ্ধারের জন্য সিটি কর্পোরেশনের সহযোগিতা কামনা করেন। তিনি কুকুর নিধনের কথাও বলেন।

জবাবঃ কুকুর নিধনের বিরুদ্ধে হাইকোর্টের নিষেধ আছে। তবে কুকুর যাতে বংশ বৃদ্ধি করতে না পারে সেজন্য কুকুরকে ভ্যাক্সিন প্রদান করা হয়।

সমাপনী বক্তব্য ঃ মেয়র মহোদয় বলেন, শত ব্যস্ততার মধ্যে অগণিত সম্মানিত নাগরিক যোগদান করে অনুষ্ঠানটিকে সাফল্য মন্ডিত করেছেন। তাই আপনাদের প্রতি আমি চির কৃতজ্ঞ। তিনি আরো বলেন যে, নারায়ণগঞ্জ নগরে রেল মন্ত্রণালয়ের কোটি কোটি টাকার সম্পদ প্রভাবশালীরা অবৈধভাবে ভোগ করছেন। কিন্তু সিটি কর্পোরেশন জনস্বার্থে আইন মেনে কাজ করতে গেলেও রেলওয়ে বাঁধা প্রদান করে একটি প্রভাবশালী মহলের ইশারায়। তারা নারায়ণগঞ্জের উন্নয়ন চায় না। তারা শোষণ করতে চায়, শাসন করতে চায়। কিন্তু সিটি কর্পোরেশন উন্নয়ন কাজে বাঁধা দেওয়া হলে ফল ভালো হবে না। আমি গত ১৩ বছরে ষড়যন্ত্রের কাছে মাথা নত করি নাই এবং আগামীতেও করবো না। আপনাদের সাথে নিয়ে সকল বাঁধা উপেক্ষা করে জনস্বার্থে উন্নয়ণ কাজ করবো এবং নাগরিক সেবা দিয়ে যাব। তিনি আরো বলেন যে, শুধু এই অনুষ্ঠানের মাধ্যমে নয়, আমরা নগর তথ্যসেবা কেন্দ্র ও বিভিন্ন সভা/সেমিনারের মাধ্যমে স্বচ্ছতার পরীক্ষা দিচ্ছি এবং উত্তীর্ণ হয়েছি। তাই আপনারা সাথে থাকলে সকল বাধা অতিক্রম করবো।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় মাননীয় মেয়র উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে "বাজেট অধিবেশন" ও "জনতার মুখোমুখি" অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

আল্লাহ্ হাফেজ।

(এ,এফ,এম,এহতেশামুল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
ফোনঃ ৭৬৩৩৪২৩
ceo@ncc.gov.bd

প্রকল্প পরিচালক
সিটি গভার্নেন্স প্রকল্প
স্থায়ীন সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা।